যুগান্তর

28 APR 2017

# নোয়াখালী মেডিকেল ট্রেনিং স্কুল বন্ধ ঘোষণা

**যুগান্তর রিপোর্ট**, *নোয়াখালী*

নোয়াখালীতে ম্যাটস শিক্ষার্থীরা মুখে কালো কাপড় বেঁধে মৌন মিছিল শেষে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গেলে পুলিশ লাঠিচার্জ করে। এতে ১০ শিক্ষার্থী আহত হন। একপর্যায়ে পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষের পর সুধারাম থানা পুলিশ ২০ শিক্ষার্থীকে গ্রেফতার করে। এ ঘটনার পর নোয়াখালী মেডিকেল ট্রেনিং স্কুল (ম্যাটস) অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। সেই সঙ্গে আজ সকাল ৮টার মধ্যে ছাত্রছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। বৃহস্পতিবার রাতে এ সিদ্ধান্ত হয় বলে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ ডা. মো. শাহাব উদ্দিন জানিয়েছেন।

দেশের বিভিন্ন জেলায় ম্যাটস শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে বৃহস্পতিবার বিকালে মৌন মিছিল ও প্রতিবাদ সভার আয়োজন করে নোয়াখালী ম্যাটস শিক্ষার্থীরা। পুলিশের হামলায় আহতরা হলেন ম্যাটসের ৪র্থ বর্ষের ছাত্র জোবায়ের, একই বর্ষের ছাত্র জসিম, ২য় বর্ষের ছাত্রী শেখ তাসলিমা মিম, একই বর্ষের ছাত্রী অমিতা ভৌমিক, ৩য় বর্ষের ছাত্র আরএস রিপাত, একই বর্ষের ছাত্রী জুয়েন আক্তার।